



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং-১৯৫/২০১৭

তারিখ : ১৪/০৯/১৪২৪ বঙ্গাব্দ
২৮/১২/২০১৭ খ্রিস্টাব্দ

ব্যাংকার্স সিলেকশন কমিটি এর সদস্যভুক্ত ৭টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি) এ একক নিয়োগ নীতিমালার আওতায় 'কর্মকর্তা(সাধারণ)' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test এবং লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ৭টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ) এ একক নিয়োগ নীতিমালার আওতায় 'কর্মকর্তা(সাধারণ)' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে MCQ Test এবং লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকৃত প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) এ আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ২১/০১/২০১৮ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকসমূহের ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না।

স্বাক্ষরিত/-
(মোঃ মোশাররফ হোসেন খান)
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি